# রাত্রি

(ভাষান্তর জি. কে. নন্দি)

শান্তি ও শব্দহীনতায় ডুবে নগরীতে রাত্রি নামে
মাছের আঁশের মতো পারিপার্শ্ব ঢেকে নগরীরা অতলে সেঁধোয়
মর্মর প্রাসাদচূড়া গোধূলিতে ডুবে যায় পিচরঙা মহাসাগরে
পরদিন সমুদ্রপৃষ্ঠ ভেসে ওঠার আশায়।

মহাকালের পরিমাপ এখনো করে উঠতে পারেনি কেউ
রহস্যময় সমুদ্রের তীরে রাত্রির স্বপ্ন নেমে আসে--
স্বপ্ন দেখতে দেখতে ভুলে যাই, স্বপ্নের সময়টুকুও নষ্ট করেনা মহাকাল
আমাদের নিয়ে যায় দ্রুত মৃত্যুর দিকে....

এ মূহুর্তে উপরে বা নীচে কোথাও নগরীর উত্থান চলেছে
সময় অনুরণিত করে চলেছে আগামীকে
‘কাল’ তমিস্রার কাছ থেকে ছিনিয়ে পৌঁছে দেবে সাগরতল থেকে উর্মির
শিখরে...

জাস্টিনাস মারচিনকেভিচ



Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com